netis®

Easy Network, Trustable

# Network Installation Tracking & Incentive System

## ব্যবহার নির্দেশিকা

Prepared by

UNISOFT SYSTEMS LIMITED

# Contents

১. ভূমিকা (Introduction) ২
২. নেটিস (netis) এ প্রবেশের নিয়ম ২
৩. নিবন্ধন পৃষ্ঠা (Registration Page) ২
৪. ব্যবহারকারীর অ্যাক্সেস (User Access) ৩
৪.১. লগইন পৃষ্ঠা (Login Page) ৪
৪.২. লগআউট পৃষ্ঠা (Logout Page) ৫
৫. ড্যাশবোর্ড পৃষ্ঠা (Dashboard Page) ৫
৬. অ্যাকাউন্টের বিবরণ (Account Details) ৬
৭. নতুন ইনস্টলেশন (New Installation) ৭
৮. ইনস্টলেশন ইতিহাস (Installation History) ৯
৯. পেমেন্ট পদ্ধতি (Payment Method) ১০
১০. পাসওয়ার্ড পরিবর্তন করুন (Change Password) ১২
১১. নগদ উত্তোলন (Withdraw Cash) ১৩
১২. সাপোর্ট (Support) ১৫


## ১. ভূমিকা (Introduction)

নেটিস (netis-Network Installation Tracking & Incentive System) একটি ইন্টারনেট-ভিত্তিক সিস্টেম। এটি মূলত টেকনিশিয়ানদের জন্যে তৈরি করা হয়েছে। তারা এইটির মাধমে নতুন প্রোডাক্ট ইনস্টলেশন , প্রতিটা ইনস্টলেশন পুরস্কার আর পেমেন্ট উত্তোলন এর সুবিধা ভোগ করতে পারবে ।

## ২. নেটিস (netis) এ প্রবেশের নিয়ম

নেটিস (netis) একটি ইন্টারনেটভিত্তিক সফটওয়্যার হওয়ার কারণে এটিতে প্রবেশের জন্য ব্যবহারকারীকে কোন একটি ইন্টারনেট ব্রাউজার (যেমনঃ Google Chrome অথবা Mozilla Firefox ইত্যাদি) ব্যবহার করতে হবে। ব্যবহারকারীর যদি netis এ Login করার জন্য কোন ইউজার না থাকে তবে নিচের পেজ (Registration Page) এর মাধ্যমে ব্যবহারকারী তার নিজের ইউজার তৈরী করার পর Login পেজ এর মাধ্যমে Login করবে অন্যথায় ব্যবহারকারীর যদি নেটিস(netis) এর ইউজার থাকে তবে Login পেজ এর মাধ্যমে সরাসরি Login করবে।

## ৩. নিবন্ধন পৃষ্ঠা (Registration Page)




নেটিস(netis)অ্যাপ্লিকেশনের “Create an Account” পেজটি নতুন ইউজার অ্যাকাউন্ট তৈরি করার জন্য ব্যবহার করা হয় এবং যেখানে উপরের পেজটি প্রদর্শিত হয়। এই পেজে ব্যবহারকারীকে প্রথমে তার পূর্ণ নাম লিখতে হয়। এরপর কোম্পানির নাম প্রদান করার জন্য একটি ঘর আছে, যেটি অপশনাল প্রয়োজন না হলে ফাঁকা রাখা যেতে পারে। তারপর, ব্যবহারকারীকে তার মোবাইল নম্বরটি ইনপুট দিতে হয় এবং এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ধাপ, কারণ সিস্টেম হতে এই মোবাইল নম্বরে একটি OTP (One-Time Password) পাঠানো হয় যা অ্যাকাউন্ট যাচাই করার জন্য ব্যবহৃত হয়।নতুন অ্যাকাউন্ট তৈরি করার সময় ব্যবহারকারী মোবাইল নম্বর দেওয়ার পর "Send OTP" বোতামে ক্লিক করলে তার মোবাইল ফোনে একটি ৬ সংখ্যার OTP চলে আসবে। ব্যবহারকারীকে সেই OTP টি নির্ধারিত ঘরগুলোতে যথাযথভাবে লিখতে হবে। OTP ইনপুট দেওয়ার পর ব্যবহারকারীকে একটি নতুন পাসওয়ার্ড তৈরি করতে হবে এবং একই পাসওয়ার্ডটি "Confirm Password" ঘরে পুনরায় লিখতে হবে। পাসওয়ার্ডটি অবশ্যই শক্তিশালী হতে হবে, অর্থাৎ পাসওয়ার্ডটিতে যেন অক্ষর, সংখ্যা ও বিশেষ চিহ্ন থাকে – এই বিষয়ে ব্যবহারকারীকে লক্ষ্য রাখতে হবে। এরপর “Sign Up” button এ  ক্লিক করলে যদি সব তথ্য সঠিকভাবে পূরণ করা থাকে, তবে অ্যাকাউন্ট তৈরি হয়ে যাবে। অ্যাকাউন্ট তৈরি করার পর ব্যবহারকারীকে এডমিন এর অনুমোদনের জন্যে অপেক্ষা করতে হবে।

## ৪. ব্যবহারকারীর অ্যাক্সেস (User Access)


ব্যবহারকারীরা ইন্টারনেটের সাথে সংযুক্ত থাকাকালীন যেকোনো ওয়েব ব্রাউজার (মোজিলা ফায়ারফক্স, গুগল ক্রোম) ব্যবহার করে netis এর URL (https://netis.smartbd.com/) এ গিয়ে অ্যাক্সেস করতে পারবে ।

### ৪.১. লগইন পৃষ্ঠা (Login Page)





এডমিন এর অনুমোদনের পর ব্যবহারকারী লগইন করতে পারবে। এর জন্যে উপরের লগইন পেজে প্রয়োজনীয় লগইন তথ্যগুলো (ফোন নাম্বার, পাসওয়ার্ড) প্রবেশ করাতে হবে এবং তারপর লগইন বোতামে ক্লিক করতে হবে। ফোন নাম্বার ও পাসওয়ার্ড সিস্টেমের সাথে ম্যাচ না করলে ব্যবহারকারী সিস্টেমে লগইন করতে পারবে না। ব্যবহারকারী তার পাসওয়ার্ড ভুলে গেলে 'Forgot Password' অপশনে ক্লিক করে নুতন পাসওয়ার্ড দিতে পারবে।

### ৪.২. লগআউট পৃষ্ঠা (Logout Page)




ব্যবহারকারী উক্ত ‘Log Out’ মার্ক করা অপশনটিতে ক্লিক করে লগআউট করতে পারবে।


## ৫. ড্যাশবোর্ড পৃষ্ঠা (Dashboard Page)





এই ড্যাশবোর্ড ইন্টারফেসটি নেটিস (Netis) সিস্টেমের ব্যবহারকারীদের জন্য ডিজাইন করা হয়েছে, যা সহজে নেটওয়ার্ক ইনস্টলেশন, পুরস্কার দেখা, অর্থ উত্তোলন, এবং সাপোর্ট ব্যবস্থাপনায় সহায়তা করে। ব্যবহারকারী যখন লগইন করবেন, তখন প্রথমেই বাম পাশে তাঁর প্রোফাইল তথ্য দেখা যাবে, যেমন নাম, ফোন নম্বর ইত্যাদি।ড্যাশবোর্ডের শীর্ষে “Your Current Balance” লেখা থাকবে, যার নিচে একটি “Tap for

Balance” বোতাম আছে। এই বোতামে ক্লিক করলে ব্যবহারকারীর বর্তমান ব্যালেন্স প্রদর্শিত হবে। নিচে তিনটি গুরুত্বপূর্ণ তথ্য দেখানো হয়েছে— Total Rewards (মোট পুরস্কার), Current Points (বর্তমান পয়েন্ট), এবং Total Paid (মোট পরিশোধ)। প্রত্যেকটির পাশে একটি "View Rewards" বা "View Details" অপশন আছে, যেখানে ক্লিক করলে বিস্তারিত তথ্য দেখা যাবে।ডান পাশে "Live Support" নামে একটি অপশন রয়েছে, যেখানে ক্লিক করলে ব্যবহারকারী সরাসরি সহায্তার জন্য যোগাযোগ করতে পারবেন। এছাড়া "Payment Request" নামে একটি অপশন রয়েছে, যেখানে ব্যবহারকারী টাকা উত্তোলনের অনুরোধ করতে পারবেন।"New Installation" অপশনটির মাধ্যমে নতুন কোনো নেটওয়্যার্ক ইনস্টলেশনের অনুরোধ করা যায়। নিচে “Promotional Banner” অংশে বিভিন্ন অফার বা প্রোমোশনাল বিজ্ঞাপন দেখা যায়।বাম পাশের মেনুতে বিভিন্ন বিভাগ আছে — Dashboard, New Installation, Installation History, Withdraw Cash, Change Password, Payment History, Reward Policy, এবং Support। প্রতিটি মেনুর একটি নির্দিষ্ট কাজ আছে। এই ড্যাশবোর্ড ব্যবহার করে একজন ব্যবহারকারী সহজেই নিজের কাজের অগ্রগতি, পুরস্কার, অর্থের হিসাব ও প্রয়োজনীয় সেবা সম্পর্কে জানতে পারবেন। সমস্ত তথ্য পরিষ্কারভাবে উপস্থাপন করা হয়েছে যাতে একজন সাধারণ ব্যবহারকারীও কোনো জটিলতা ছাড়াই সিস্টেমটি ব্যবহার করতে পারেন।

## ৬. অ্যাকাউন্টের বিবরণ (Account Details)





উক্ত ‘Profile’ মার্ক করা অপশনটিতে ক্লিক করলে নিম্নের পেজটি প্রদর্শিত হবে।



অ্যাকাউন্ট ডিটেইলস ফর্মটি ব্যবহারকারীর ব্যক্তিগত ও অফিস-সংক্রান্ত তথ্য সংরক্ষণের জন্য তৈরি করা হয়েছে। ফর্মটি খুললে উপরের দিকে দুটি বোতাম দেখা যাবে – "Save" এবং "Discard"। আপনি যদি সব তথ্য পূরণ করে তা সংরক্ষণ করতে চান, তাহলে "Save" বোতামে ক্লিক করতে হবে। আর যদি পরিবর্তন বাতিল করতে চান, তাহলে "Discard" বোতাম চাপতে হবে।ফর্মে প্রথমেই রয়েছে Full Name নামের ঘর, যেখানে ব্যবহারকারীর পূর্ণ নাম ইংরেজিতে লিখতে হবে। এরপর Gender বা লিঙ্গ নির্বাচন করতে হবে, যেমন Male বা Female। District ঘরে আপনাকে আপনার জেলার নাম দিতে হবে, যেমন Dhaka। এরপর Company Name অংশে আপনি যে কোম্পানিতে কাজ করছেন তার নাম লিখতে হবে। Thana বা থানার ঘরে আপনাকে সংশ্লিষ্ট থানার নাম নির্বাচন করতে হবে। এরপর Village/Street অংশে আপনার গ্রাম বা রাস্তায় অবস্থানের নাম দিতে হবে। Date of Birth বা জন্ম তারিখের ঘরে আপনাকে মাস/দিন/বছর (MM/DD/YYYY) ফরম্যাটে জন্ম তারিখ দিতে হবে। Phone Number অংশে আন্তর্জাতিক ফরম্যাটে আপনার সচল ফোন নম্বর দিতে হবে। এরপর NID/Birth Certificate ফিল্ডে জাতীয় পরিচয়পত্র নম্বর বা জন্ম নিবন্ধন নম্বর লিখতে হবে। সবশেষে, Office ID Number অংশে অফিস থেকে প্রাপ্ত আইডি নম্বর দিতে হবে।ডান পাশে একটি প্রোফাইল ছবি দেখা যায়, যা ব্যবহারকারীর পরিচিতির জন্য রাখা হয়েছে। ফর্মের মধ্যে * চিহ্নযুক্ত ঘরগুলো আবশ্যিক, তাই এই তথ্যগুলো না দিলে ফর্মটি সংরক্ষণ করা যাবে না। সব তথ্য ঠিকভাবে পূরণ করে Save বোতামে ক্লিক করলে আপনার তথ্য সফলভাবে সিস্টেমে আপডেট হবে।


## ৭. নতুন ইনস্টলেশন (New Installation)




উক্ত 'New Installation' মার্ক করা ২টা অপশন গুলো তে ক্লিক করলে নিম্নের পেজটি প্রদর্শিত হবে।





এই অপশনের মাধ্যমে নুতন ইনস্টলেশনের তথ্য ইনপুট দিতে হয়। এই পেজে প্রথমে রাউটার এর সিরিয়াল নাম্বার দিতে  হয়। এরপর ‘Verify’ বাটনে ক্লিক করতে হয়। যদি ব্যবহৃত রাউটারটি “স্মার্ট টেকনোলজি” থেকে ক্রয়কৃত হয় তাহলেই সিস্টেম এটি Verify করবে। অন্যথায় এটি Verify হবে না।





Verify  অপশন ক্লিক করার পর  "Claim Details" এই পেইজটি আসবে। এই পেজে ‘Model Name’, ‘Serial Number’, ‘Client Name’ , ‘Date of Installation’ অবশ্যই ইনপুট দিতে  হবে। পেজের উপরে Installation picture অবশ্যই দিতে হবে। এরপর Save অপশনে ক্লিক করে তথ্যগুলো Save করতে হবে।

## ৮. ইনস্টলেশন ইতিহাস (Installation History)





ড্যাশবোর্ড পেজের উক্ত ‘Installation History’ মার্ক করা অপশনটিতে ক্লিক করলে নিচের পেজটি প্রদর্শিত হবে।





‘Installation History’ তে ইনস্টলেশন এর অনুরোধের তথ্যগুলো লিস্ট আকারে দেখা যাবে। এখানে ‘ID’, ’Customer Name’, ‘Product Model’, ‘Serial’, ‘Installation date’, ‘Earned points’, ‘Status’ এই তথ্যগুলো দেখা যাবে। Earned points মূলত উল্লেখ্য ইনস্টলেশন এর জন্যে কতো পয়েন্ট পেয়েছে টার তথ্য।

## ৯. পেমেন্ট পদ্ধতি (Payment Method)


উপরের পেজে ‘Payment Method‘ অপশন ক্লিক করলে নিচের পেজটি প্রদর্শিত হবে।




ড্যাশবোর্ড পেজের উক্ত মার্ক করা অপশনটিতে ক্লিক করলে নিচের পেজটি প্রদর্শিত হবে।





উক্ত মার্ক করা অপশনটিতে ক্লিক করলে নিচের পেজটি প্রদর্শিত হবে।





উপরের পেজে ‘Bkash’ অপশন অটোমেটিক সিলেক্ট  হবে। এরপর একাউন্ট নম্বর ইনপুট দিয়ে ‘Send OTP’ বাটন ক্লিক করলে মোবাইলে ওটিপি যাবে। সেটি পেজে এন্ট্রি দিয়ে উপরে প্রদর্শিত ‘Save’ বাটনে ক্লিক করতে হবে। ‘Discard’ অপশন ক্লিক করে পেজের এন্ট্রিকৃত তথ্য বাতিল করতে পারবে।

## ১০. পাসওয়ার্ড পরিবর্তন করুন (Change Password)





উক্ত মার্ক করা ২ টা অপশন গুলো তে ক্লিক করলে নিম্নের পেইজটি প্রদর্শিত হবে ।





পাসওয়ার্ড পরিবর্তন করার জন্য "Change Password" পেইজটি ব্যবহার করা হয়। এই পেইজে ব্যবহারকারীকে তিনটি তথ্য পূরণ করতে হয়। প্রথমে, "Current Password" ফিল্ডে বর্তমান (পুরনো) পাসওয়ার্ডটি সঠিকভাবে লিখতে হবে। এরপর, "New Password" ফিল্ডে নতুন পাসওয়ার্ডটি প্রবেশ করাতে হবে, এবং তারপর "Confirm Password" ফিল্ডে আবার সেই একই নতুন পাসওয়ার্ডটি পুনরায় টাইপ করতে হবে নিশ্চিত করার জন্য যে ভুলবশত পাসওয়ার্ড ভুল লেখা হয়নি।প্রতিটি পাসওয়ার্ড ইনপুট বক্সের পাশে একটি চোখের আইকন রয়েছে, যার উপর ক্লিক করলে পাসওয়ার্ডটি দেখা যাবে বা গোপন রাখা যাবে। পাসওয়ার্ড ইনপুট নিশ্চিত হয়ে গেলে, ব্যবহারকারী "Save" বোতামে ক্লিক করে পাসওয়ার্ড পরিবর্তন সংরক্ষণ করতে পারবেন। যদি ব্যবহারকারী পাসওয়ার্ড পরিবর্তন না করতে চান, তাহলে "Cancel" বোতামে ক্লিক করে

পেইজটি ত্যাগ করতে পারবেন।এই ফিচারটি ব্যবহারকারীর একাউন্ট নিরাপদ রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। নিয়মিত পাসওয়ার্ড পরিবর্তন ব্যবহারকারীর তথ্য সুরক্ষায় সহায়ক হয়। তাই নিশ্চিত করুন নতুন পাসওয়ার্ডটি যথেষ্ট শক্তিশালী এবং পূর্বের পাসওয়ার্ডের থেকে আলাদা।


## ১১. নগদ উত্তোলন (Withdraw Cash)





উক্ত 'Withdraw Cash' মার্ক করা অপশনটিতে ক্লিক করলে নিম্নের পেইজটি প্রদর্শিত হবে।





এই অপশনের মাধ্যমে পেমেন্ট পদ্ধতি যোগ করা যাবে অথবা ক্যাশ উত্তোলন অনুরোধ করা যাবে।




এই পেইজে ব্যবহারকারী তার অ্যাকাউন্ট ব্যালেন্স থেকে টাকা উত্তোলনের অনুরোধ করতে পারবেন। উপরের অংশে বর্তমান ব্যালেন্স (Current Balance) প্রদর্শিত হচ্ছে। ব্যবহারকারীকে প্রথমে নির্দিষ্ট একটি পরিমাণ টাকা লিখতে হবে যেটা তিনি উত্তোলন করতে চান। একটি ইনপুট বক্সে তিনি সেই পরিমাণটি লিখবেন। তবে, এখানে স্পষ্টভাবে উল্লেখ আছে যে, সর্বনিম্ন উত্তোলনের পরিমাণ হলো ৳১০০.০। এর কম পরিমাণ প্রবেশ করালে নিচে লাল রঙের সতর্কবার্তা হিসেবে লেখা আসবে "Withdrawal amount must be at least ৳100.0"।





আবার উক্ত স্ক্রিনে একটি লাল রঙের সতর্কবার্তা দেখানো হয়েছে যা ব্যবহারকারীকে জানাচ্ছে এর বেশি পরিমাণ প্রবেশ করালে নিচে লাল রঙের সতর্কবার্তা হিসেবে লেখা আসবে “Withdrawal request can't be approved. Current Balance: 1000.0”।





উক্ত স্ক্রিনে একটি লাল রঙের সতর্কবার্তা দেখানো হয়েছে যা ব্যবহারকারীকে জানাচ্ছে যে তার পূর্ববর্তী টাকা উত্তোলনের অনুরোধ এখনো অনুমোদিত হয়নি।এর মানে হলো, ব্যবহারকারী ইতোমধ্যেই ৳১০০০.০ টাকার একটি উত্তোলন অনুরোধ করেছেন, এবং সেটি এখনো প্রসেস বা অনুমোদিত হয়নি। তাই নতুন অনুরোধ করার সুযোগ নেই যতক্ষণ না পূর্বের অনুরোধ নিষ্পত্তি হয়। Proceed-বোতামে ক্লিক  করলে উত্তোলনের অনুরোধটি প্রক্রিয়াকরণ শুরু হবে। Cancel- বোতামে ক্লিক দিলে উত্তোলনের প্রক্রিয়া বাতিল হয়ে যাবে।

## ১২. সাপোর্ট (Support)




উক্ত ‘Ask a Question’  মার্ক করা অপশনটিতে ক্লিক করলে নিচের পেজটি প্রদর্শিত হবে।




সাপোর্ট পেইজটি মূলত ব্যাবহার করা হয় ব্যবহারকারী যদি কোন সমস্যার সম্মুখীন হয় তার ক্ষেত্রে। এই পেইজে ব্যবহারকারীকে তার মোবাইল নাম্বার , কি টাইপ এর সাপোর্ট চাচ্ছে আর সমস্যা টির বর্ণনা দিতে হবে। 'Submit' বাটন এ ক্লিক করে সমস্যা টি জমা করতে পারবে আর 'Cancel' এ ক্লিক করে ক্যানসেল করতে পারবে।